গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৬৯ তারিখ: ১১ কার্তিক ১৪২৬
২৭ অক্টোবর ২০১৯

বিষয়: **প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।**

**সমূদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোনো সতর্কবার্তা নেই।

**আজ ২৭ অক্টোবর ২০১৯ খ্রীঃ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:** দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

**আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থাঃ উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশ উপকূল এলাকায় অবস্থানরত লঘুচাপটি গুরুত্বহীন হয়ে পড়েছে।**

**পূর্বাভাসঃ** বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিনের তাপমাত্রা (২-৩)ডিগ্রী সে. বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): উল্লেখযোগ্য কোন পরিবর্তনের সম্ভাবনা নেই।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩০.২ | ২৬.১ | ৩৩.৮ | ২৮.০ | ২৫.৮ | ২৭.৫ | ৩০.০ | ৩২.৬ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২০.৮ | ২১.৫ | ২৩.৫ | ২২.৭ | ২০.৬ | ১৯.৩ | ২০.৮ | ২২.৬ |

**গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল কুতুবদিয়া ৩৩.৮$^{o}$ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা দিনাজপুর ও তেঁতুলিয়া ১৯.৩$^{o}$ সেঃ।**

## বৃষ্টিপাত ও নদ-নদীর সর্বশেষ অবস্থাঃ

### এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে।
- উত্তর-পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ৪৮ ঘণ্টায় স্থিতিশীল হয়ে যেতে পারে।
- উত্তর-পূর্বাঞ্চলের নদীসমূহ ব্যতীত দেশের অন্যান্য সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ৫ দিন পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ৯৩ | বিগত ২৪ ঘন্টায় পানি সমতল অপরিবর্তিত | ০২ |
| বিগত ২৪ ঘন্টায় পানি সমতল বৃদ্ধি | ৫১ | মোট তথ্য পাওয়া যায়নি | ০৩ |
| বিগত ২৪ ঘন্টায় পানি সমতল হ্রাস | ৩৭ | বিপদসীমার উপরে | **০০** |

**বৃষ্টিপাতের তথ্যঃ** গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| জাফলং | ৫৮.০ | কমলগঞ্জ | ৪৮.০ |

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (১২ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ/ ২৭ অক্টোবর ২০১৯ খ্রীঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):** নেই।

## অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ২৫/১০/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৬/১০/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২২টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৫ | ৩ | ০ |
| ২। | ময়মনসিংহ | ২ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ২ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬। | রংপুর | ৪ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৫ | ০ | ০ |
| ৮। | খুলনা | ৪ | ০ | ০ |
| | **মোট** | **২২** | **৩** | **০** |

## উল্লেখযোগ্য অগ্নিকান্ডঃ

**ঢাকা:** জেলা প্রশাসন, ঢাকা এর স্মারক নং ৫১.০১.২৬০০.০১৮.৪০.০০৩.১৯-৭৩৫, তারিখঃ ২৬.১০.২০১৯খ্রিঃ সকাল ৯:২৫ টায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন ধানমন্ডি থানার রোড নং ৬/এ, ৫৫ নং বাড়ীর ১৪ তলা ফ্ল্যাটের ৩য় তলার মালিক জনাব হেমায়েত উল্লাহর এ/২ ফ্ল্যাটে এক অগ্নিকান্ড সংঘটিত হয়। অগ্নিকান্ডের সংবাদ অবহিত হয়ে ফায়ার সিভিল ডিফেন্স অধিদপ্তরের অগ্নি নির্বাপক দলের ৩টি ইউনিট ৯:৪০ টায় ঘটনাস্থলে উপস্থিত হয়ে প্রায় দেড় ঘন্টা প্রচেষ্টার পর বেলা ১১:০০টায় আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়। অগ্নিকান্ডে ২য় তলার রাফি (৯) ও সাহেদা (১২) সামান্য আহত হয় এবং ভবনের সপ্তম তলায় ডাঃ আশরাফুন্নেসার গৃহকর্মী জামিলা কুটি (৬৫) স্বামী- মৃত সাহেব আলী, থানা ও জেলা- গাইবান্ধা ধোঁয়ায় আতঙ্কিত হয়ে জ্ঞান হারিয়ে ফেলেন। ফায়ার সার্ভিসের কর্মীরা তাদেরকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরী বিভাগে প্রেরণ করেন। হাসপাতালে নেয়ার পর কর্তব্যরত চিকিৎসক জামিলা কুটিকে মৃত ঘোষনা করেন এবং রাফি ও সাহেদাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে হাসপাতাল থেকে ছেড়ে দেয়া হয়। জামিলা কুটির দাফন কাফন ব্যয় নির্বাহের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ হতে জেলা প্রশাসনের মাধ্যমে নগদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা জি.আর ক্যাশ প্রদান করা হয়েছে। অগ্নিকান্ডের কারণ এবং ক্ষয়ক্ষতির পরিমাণ তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

**২। ইহা মহোদয়ের সদয় অবগিতর জন্য প্রেরণ করা হলো।**

২৭-১০-২০১৯
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৬৯/১(৬৫)

তারিখ: ১১ কার্তিক ১৪২৬
২৭ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৩) পরিচালক , ত্রাণ অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৪) উপপরিচালক , পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা

২৭-১০-২০১৯
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা